

তিন দশক পর প্রথমবার লোকসানে অ্যাডিডাস

- A Monitor Desk Report

Date: 14 March, 2024



তিন দশকের বেশি সময় পর প্রথমবার লোকসানের মুখোমুখি হয়েছে জার্মান ফুটওয়্যার জায়ান্ট অ্যাডিডাস। গতকাল কোম্পানিটির পক্ষ থেকে বার্ষিক লোকসানের এ খবর জানানো হয়েছে। খবর রয়টার্স।

অ্যাডিডাস কর্তৃপক্ষ জানিয়েছে, যুক্তরাষ্ট্রের বাজারে ধীর চাহিদা এবং উত্তর আমেরিকার খুচরা বিক্রেতাদের গুদামে স্পোর্টসওয়্যার পণ্যের মজুদ বেড়ে যাওয়ার মতো বিষয় লোকসানের ক্ষেত্রে প্রভাবকের ভূমিকা পালন করেছে।

কোম্পানিটি বলছে, মন্থর চাহিদা এবং স্টোরগুলোয় অধিক মজুদ স্পোর্টসওয়্যার কোম্পানিগুলোকে চাপে ফেলেছে। এতে উত্তর আমেরিকা অঞ্চলে চতুর্থ প্রান্তিকে ২১ শতাংশ এবং বছরওয়ারি ১৬ শতাংশ বিক্রি কমেছে অ্যাডিডাসের। চলতি বছরও বিক্রির পরিমাণ তুলনামূলক কম থাকবে বলেও জানিয়েছে কোম্পানিটি। অ্যাডিডাস কর্তৃপক্ষের ধারণা, ২০২৪ সালে ৫ শতাংশ পর্যন্ত বিক্রি কমেতে পারে।

প্রসঙ্গত, ২০২২ সালের অক্টোবরে কানি ওয়েস্টের সঙ্গে সম্পর্ক ছিন্ন করে অ্যাডিডাস। এতে লাভজনক ইয়েজি স্লিকার লাইনের বিক্রি স্থগিত হওয়ার পর সংকটে পড়ে কোম্পানিটি।

-B